

## ভর্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রফেশনাল মাস্টার্সে ভর্তি, আবেদনের সময় বৃদ্ধি,  
ক্লাস ২২ এপ্রিল

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৮ মার্চ ২০২৫, ১২: ২৭



জাতীয় বিশ্ববিদ্যালয় ছবি : সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল কোর্সে ভর্তির আবেদনের সময় বাড়ানো হয়েছে। আগামী ১৬ মার্চ রাত ১২টা পর্যন্ত আবেদন করতে পারবেন শিক্ষার্থীরা। ভর্তিচ্ছুদের আবেদন করতে হবে অনলাইনে। শিক্ষার্থীদের ক্লাস ২২ এপ্রিল থেকে শুরু হবে।

গতকাল শুক্রবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পাঠদানকারী কলেজগুলোতে ২০২৫ শিক্ষাবর্ষে বিএড, বিপিএড, বিএমএড, বিএসএড,

এমএড, এমএসএড, এমপিএড, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এলএলবি শেষপর্ব, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমবিএ ইন টুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ও মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এমবিএ ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদনের সময় ১৬ মার্চ রাত ১২টা পর্যন্ত বাড়ানো হয়েছে। এই সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক [ওয়েবসাইট](#) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এই ফরমের প্রিন্ট কপিসহ আবেদন ফি বাবদ ৩০০ টাকা আবেদনকৃত কলেজ থেকে নির্ধারিত মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অথবা সরাসরি ১৭ মার্চের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ ১৮ মার্চে। এ শিক্ষাবর্ষের ক্লাস ২২ এপ্রিল থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক [ওয়েবসাইটের Prospectus/Important Notice](#) অপশন থেকে জানা যাবে।

এদিকে ২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে কোর্সভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করা হবে।

প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/কোনো তথ্য ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ-সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক [ওয়েবসাইট](#) থেকে জানা যাবে।

